দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 17 MAR 2003 ...
পৃষ্ঠা ... ১৬ কলাম ... ৪ ...

# নকল রোধে শেকড় পর্যায়ে লেখাপড়ার প্রতি আরও গুরুত্ব দিতে হবে

## চট্টগ্রামে নকলবিরোধী সভায় বক্তাদের অভিমত

চট্টগ্রাম থেকে ফিরে [illegible]জানুর রহমান ॥ শিক্ষাক্ষেত্রে করুণ দুরবস্থার চিত্র তুলে ধরে চট্টগ্রাম, কক্সবাজার ও রাঙ্গামাটির মাঠ পর্যায়ের বিশিষ্ট শিক্ষক ও প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ বলেছেন, দেশে প্রাথমিক শিক্ষার অবস্থা খুবই করুণ। প্রতিবছর প্রাথমিক পর্যায় অতিক্রম করে মাধ্যমিক পর্যায়ে অতিক্রম করে মাধ্যমিক পর্যায়ে যে সকল ছাত্র-ছাত্রী প্রবেশ করে তাদের অধিকাংশের জ্ঞানের পরিধি খুবই সীমিত। তাই তারা উপরের ক্লাসে নিজেদের যোগ্যতা প্রমাণে ব্যর্থ হয়। এক-পর্যায়ে এদের অনেকেই বাধ্য হয়ে বোর্ডের পরীক্ষায় নকল করে। শিক্ষক কর্মকর্তাবৃন্দ পরীক্ষায় নকল প্রতিরোধের লক্ষ্যে প্রাথমিক অর্থাৎ শিক্ষার শেকড় পর্যায়ের লেখাপড়ার প্রতি আরও গুরুত্ব দেবার আহ্বান জানিয়েছেন।

উল্লেখিত জেলাসমূহে নকল বিরোধী সভায় শিক্ষা প্রতিমন্ত্রী আ, ন, ম এহছানুল হক মিলন আবার হুঁশিয়ার উচ্চারণ করে বলেছেন, নকল করে পরীক্ষায় পাস করার দিন শেষ। নকলবাজরা এবার কঠিন শাস্তি পাবে। গ্রেফতারী পরোয়ানা ছাড়াই পুলিশ তাদেরকে গ্রেফতার করবে। নকলে সহায়তাকারী কোন শিক্ষকই আর মানবিক বিবেচনার আর্জি করে রেহাই পাবেন না। তারা চাকরি হারাবেন।

শনিবার চট্টগ্রাম কলেজে নকল (১০ম পৃ: দ্র:)

### নকলরোধে শেকন্

(১৬শ পৃঃ পর)

বিরোধী সভায় জেলা প্রশাসক শফিকুল ইসলাম, চট্টগ্রামের উপ-পুলিশ কমিশনার নাঈম আহমেদ, পুলিশ সুপার মতিউর রহমান, জামিয়া আরাবিয়ার অধ্যক্ষ মওলানা জালালউদ্দিন, মিরেরসরাই-য়ের নির্বাহী কর্মকর্তা আবদুল হাই, বিএনপি চট্টগ্রাম দক্ষিণ জেলা শাখার সভাপতি আহমদ খলিল খান, চট্টগ্রাম কলেজের অধ্যক্ষ শামসুন্নাহার আলী, চট্টগ্রাম দারুল উলুম আলিয়া মাদ্রাসার অধ্যক্ষ সাইয়েদ আবু নোমান, এম ই এস কলেজের অধ্যক্ষ নজরুল ইসলাম প্রমুখ বক্তৃতা করেন। সভাপতিত্ব করেন চট্টগ্রাম বোর্ডের চেয়ারম্যান প্রফেসর এ জেড এম শহীদুল্লাহ।